

"130 কোটি ভারতবাসীর কাছে
আত্মনির্ভর ভারত আজ এক মন্ত্রে পরিণত হয়েছে"

**নরেন্দ্র মোদী**
প্রধানমন্ত্রী

সত্যমেব জয়তে
GOVERNMENT OF INDIA



সত্যমেব জয়তে
GOVERNMENT OF INDIA

# শিল্প ও বাণিজ্য মন্ত্রকের সাফল্য

ডিসেম্বর 2020

শিল্প ও বাণিজ্য মন্ত্রক



# কোভিড-19 মহামারীর সময়ে রপ্তানিকারী ও এম এস এম ই-দের জন্য ছাড়





অনলাইনে **এক্সপোর্ট লাইসেন্স-এর জন্য আবেদন** প্রক্রিয়া সংশোধিত হয়েছে

পেঁয়াজ, কাজু এবং পাম অয়েল ইত্যাদির মতো মূল্য সংবেদনশীল দ্রব্যের আমদানি ও রপ্তানি **নিয়ন্ত্রণের জন্য** সময়োচিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে

**কোভিড-19 হেল্পডেস্ক**

**বৈদেশিক বাণিজ্য নীতি** 31শে মার্চ, 2021 পর্যন্ত সম্প্রসারিত হয়েছে

**অ্যাডভান্স অথোরাইজেশনের মেয়াদ** 6 মাস **বর্ধিত করা হয়েছে**

**এক্সপোর্ট অবলিগেশন পিরিয়ড** 6 মাসের জন্য বর্ধিত

ক্ষুদ্র, লঘু ও মাঝারি শিল্পোদ্যোগীদের (MSMEs) জন্য এমারজেন্সি ক্রেডিট লাইন গ্যারান্টি স্কিম (ECLGS)-এ **₹ 3 লাখ কোটি** সংস্থান রাখা হয়েছে, যাতে 100% ক্রেডিট গ্যারান্টি এবং কোল্যাটারাল ফ্রি অটোমেটিক লোনের ব্যবস্থা রয়েছে

ছাড়প্রাপ্ত ঋণের মাধ্যমে কৃষকদের অতিরিক্ত সহায়তা এবং এম এস এম ই (MSMEs) -দের ইক্যুইটি প্রদানের তহবিলের জন্য তহবিল গঠন

স্ট্রিট ভেন্ডরদের জন্য ঋণের সুবিধা (PM SVANidhi)

# আত্মনির্ভর ভারত ঃ সঙ্কটকালকে সুযোগে রূপান্তর





**57,600** ভেন্টিলেটর উৎপাদিত হয়েছে মাত্র তিন মাসে, যেখানে প্রাক্-কোভিড সময়ে প্রায় কোনও উৎপাদন ছিল না

**4** গুণ বৃদ্ধি পেয়েছে স্যানিটাইজার উৎপাদন, যা সম্ভব করেছে 200 টি ডিস্টিলারি এবং 1,000 উৎপাদক

**5** লাখ পি পি ই প্রতি দিন উৎপাদন ক্ষমতা

नये भारत की ताकत,
आत्मनिर्भर भारत



# বসুধৈব কুটুম্বকম ঃ মানবতার পরিষেবা




মানবিক কারণে 120 টি দেশে ওষুধ রপ্তানিতে ছাড় দেওয়া হয়েছে

'মেক ইন ইন্ডিয়া'র বিস্তারে, পি পি ই মেডিক্যাল কভারঅল, সার্জিক্যাল মাস্ক, মেডিক্যাল গগল্স এবং স্যানিটাইজার রপ্তানি অনুমোদন করা হয়েছে

MAKE IN INDIA




# স্বদেশে তৈরী সামগ্রী, এখন বিদেশে বিস্তৃত



## ভারতকে বিশ্বে অগ্রণী করে তুলতে 24 টি সাব-সেক্টরে গুরুত্ব প্রদান

বিশেষজ্ঞ এবং শিল্পদ্যোগে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনাক্রমে চিহ্নিত

দেশীয় উৎপাদন ক্ষমতা বৃদ্ধি হচ্ছে

নীতি রূপায়ণ ও সুবিধা প্রদানের মাধ্যমে বিশ্বব্যাপী রপ্তানির পরিমাণ বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে


**$526 bn** 2019-20 সালে মোট রপ্তানি (পণ্য ও পরিষেবা) অর্ধ ট্রিলিয়ন ছাড়িয়ে গেছে

**$3.6 bn** 2019-20 সালে রপ্তানি করা মশলার মূল্যমান, সর্বকালীন রেকর্ড ছুঁয়েছে

**100** সংখ্যক ট্রাইবাল প্রোডাক্ট প্রমোশনের জন্য চিহ্নিত

**500 টি জেলার** জন্য বিশেষ বৈশিষ্টযুক্ত রপ্তানিযোগ্য পণ্য চিহ্নিত

# দেশীয় শিল্পের জন্য লেভেল প্লেয়িং ফিল্ড



স্পেশাল ইকনমিক জোন (SEZ) সম্পর্কিত আইন ও নিয়মাবলীতে সংশোধন করা হয়েছে

নিম্ন গুণমানের এবং ক্ষতিকর পণ্য যাতে বাজারে না আসে তা নিশ্চিত করতে $47 বিলিয়ন আমদানি মূল্যমানের গুরুত্বপূর্ণ পণ্যসমূহে প্রযুক্তিগত নিয়ন্ত্রণ (TRs)

173 টি পণ্যে কাস্টমস ডিউটি বৃদ্ধি করা হয়েছে। 44 টি পণ্য আমদানিতে নিয়ন্ত্রণ/নিষেধাজ্ঞা জারি করা হয়েছে

দ্রুত উপশমের ব্যবস্থার মাধ্যমে কর্মদক্ষতা এবং কার্যকারিতার মানোন্নয়ন ঃ উৎপাদন ব্যয়ের থেকে কম মূল্যে পণ্য বিক্রি সম্পর্কিত অনুসন্ধান শুরুর গড় সময়সীমা হ্রাস করে 33 দিন করা হয়েছে

দেশীয় শিল্প, বিশেষত ক্ষুদ্র, লঘু ও মাঝারি শিল্পোদ্যোগীদের (MSMEs) আবেদন জমা করার বিষয়ে সহায়তার জন্য হেল্পডেস্ক



# উত্তর-পূর্ব ও হিমালয়-সংলগ্ন রাজ্যগুলিতে শিল্পে সহায়তা



বাজেট বরাদ্দের সহায়ক-সংস্থানের অধীনে, 2019-20 সালে সিকিম সহ জম্মু ও কাশ্মীর, উত্তরাখন্ড, হিমাচল প্রদেশ এবং উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলিতে/কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে স্থিত শিল্প ইউনিটগুলিকে ₹ 2,130 কোটি দেওয়া হয়েছে

হিমালয়-সংলগ্ন রাজ্যসমূহ/কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য স্পেশাল প্যাকেজ স্কিম-এর অধীনে ₹ 578 কোটি দেওয়া হয়েছে

জম্মু ও কাশ্মীর এবং লাদাখের মতো কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য নতুন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট স্কিম (IDS)-এর মেয়াদ 31 মার্চ, 2021 পর্যন্ত সম্প্রসারিত হয়েছে




# বিশ্বে উৎপাদক দেশগুলির মানচিত্রে ভারতের স্থান অর্জন

**দিল্লি-মুম্বাই ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্ট (DMIC)-এর অধীনে, 4 টি ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে মূল পরিকাঠামো গঠনের কাজ শেষের পর্যায়ে ঃ** ঢোলেরা ইন্ডাস্ট্রিয়াল সিটি, গুজরাট; শেন্দ্রা-বিডকিন ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, মহারাষ্ট্র; ইন্টিগ্রেটেড ইন্ডাস্ট্রিয়াল টাউনশিপ, গ্রেটার নয়ডা, উত্তরপ্রদেশ; আই আই টি বিক্রম উদ্যোগপুরী, মধ্যপ্রদেশ

সমস্ত বড় কন্টেনার হ্যান্ডলিং পোর্টগুলিতে **লজিস্টিক্স ডেটা ব্যাঙ্ক প্রোজেক্ট** সফলভাবে রূপায়িত হয়েছে

উৎপাদন কেন্দ্র এবং অন্যান্য শিল্প স্থাপনে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে জি আই এস (GIS) -এনেব্‌লড **ল্যান্ড ব্যাঙ্ক** পোর্টাল চালু করা হয়েছে





7 সেপ্টেম্বর 2019
মাননীয় প্রধানমন্ত্রী
**শেন্দ্রা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া**
জাতির উদ্দেশ্যে
উৎসর্গ করেন

# বাণিজ্য ঐক্যমত্যে ভারত সবার ওপরে রয়েছে



**রিজিওনাল কমপ্রিহেনসিভ ইকনমিক পার্টনারশিপ (RCEP)**-এ ভারত সফলভাবে তার অবস্থান বজায় রেখেছে।

**ভারত–মার্কিন** বাণিজ্যিক আলোচনা ফলপ্রসূ হতে চলেছে

আমাদের রপ্তানি বৃদ্ধির জন্য, ভারতীয় রপ্তানিকারকদের ওপর আরোপিত বিভিন্ন **নন-ট্যারিফ বেরিয়ার** অপসারণে নিয়মিত নজর রাখা হচ্ছে

বৈদেশিক বাণিজ্য চুক্তির (FTA) সুবিধাজনক পর্যালোচনার জন্য উদ্যোগ নিতে ভারত আসিয়ান (ASEAN) দেশগুলির সঙ্গে চুক্তি সম্পাদন করেছে — যা ভারতীয় রপ্তানি বৃদ্ধিতে এবং 'মেক ইন ইন্ডিয়া' বিস্তারে সহায়ক হবে



# প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগের আরও বৃদ্ধি




প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগে (FDI) প্রায় 20% বৃদ্ধি

কোভিড-19 থাকা সত্ত্বেও, 2020-21 সালে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ (FDI) 11% বৃদ্ধি পেয়ে, এপ্রিল থেকে সেপ্টেম্বর 2020 মেয়াদে $39.9bn হয়েছে, যা গত বছরের একই মেয়াদে ছিল $36.1bn

কোল মাইনিং সংক্রান্ত ক্ষেত্রে এবং কন্ট্র্যাক্ট ম্যানুফ্যাকচারিং-এ 100% FDI অনুমোদিত হয়েছে

সিঙ্গল ব্র্যান্ড রিটেল ট্রেডিং (SBRT)-তে এসেছে আরও নমনীয়তা ও সহজে কাজ করার সুযোগ

সুযোগসন্ধানী টেকওভার/অধিগ্রহণ থেকে ভারতীয় কোম্পানিগুলিকে রক্ষা করতে FDI পলিসিতে সংশোধন করা হয়েছে






# ইজ অফ ডুয়িং বিজনেস-এ অগ্রগতি

## ওয়ার্ল্ড ব্যাঙ্কের ডুয়িং বিজনেস 2020 রিপোর্টে শীর্ষ 10 ইমপ্রুভার-এর মধ্যে

ভারত **10**-টির মধ্যে **7**-টি সূচকে তার **অবস্থান উন্নীত** করেছে

শীর্ষ 10 ইমপ্রুভারের মধ্যে ভারত অন্যতম এক দেশ, গত 3 বছরে ক্রমাগত উন্নয়নের মাধ্যমে **67 স্থান** ওপরে উঠে তৃতীয়বারের জন্য একই সারিতে রয়েছে




2019 সালের জন্য বিজনেস রিফর্ম অ্যাকশন প্ল্যান (BRAP) রূপায়ণের ভিত্তিতে রাজ্যগুলির অবস্থান ঘোষিত

এটি বিনিয়োগ আকর্ষণ, স্বাস্থ্যকর প্রতিযোগিতায় সহায়ক হবে এবং প্রতিটি রাজ্যে ইজ অফ ডুয়িং বিজনেস বৃদ্ধি করবে

পেট্রোলিয়াম অ্যান্ড এক্সপ্লোসিভস সেফটি অর্গানাইজেশন (PESO)-এর মাধ্যমে কাগজবিহীন লাইসেন্সিং-এর ব্যবস্থা

তৃতীয় (3য়) পক্ষের পরিদর্শন যা সরকারি পরিদর্শনের সমতুল্য হবে

ইনভেস্টমেন্ট ক্লিয়ারেন্স সেল স্থাপনের লক্ষ্যে আগুয়ান

ব্যবসায়িক কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় সমস্ত কেন্দ্রীয় ও রাজ্যের ছাড়পত্র পেতে ওয়ান-স্টপ ডিজিটাল প্ল্যাটফর্ম

~ 930 টি ফর্ম এবং ছাড়পত্র চিহ্নিত করা হয়েছে

# সরকারী ক্রয়ের ক্ষেত্রে ‘মেক ইন ইন্ডিয়া’-কে অগ্রাধিকার





₹ 200 কোটির নিচে পণ্যসমূহ ক্রয়ের জন্য গ্লোবাল টেন্ডার আহ্বান করা হবে না

50%-এর বেশি স্থানীয় পণ্য আছে এরূপ ক্ষেত্রে স্থানীয় সরবরাহকারীদের অগ্রাধিকার।

পক্ষপাতমূলক এবং নিয়ন্ত্রণমূলক শর্তাবলী আরোপের দরুন ₹ 40,000 কোটির বেশি মূল্যমানের টেন্ডার বাতিল/সংশোধিত






# জি ই এম-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ পণ্য সংগ্রহ


**জি ই এম** (GeM) (গভর্ণমেন্ট ই-মার্কেটপ্লেস) -ছোট ব্যবসা এবং এম এস এমই-দের কাছে আশীর্বাদস্বরূপ

এক **স্বচ্ছ, কার্যকর এবং দ্রুত** পাবলিক প্রোকিওরমেন্ট সিস্টেম


**ই-কমার্স**-এর মাধ্যমে পরিচ্ছন্ন উপায়ে ব্যবসা








**বিক্রেতা ও পরিষেবা প্রদানকারীদের 190% বৃদ্ধি**




**লেনদেনের মূল্যে 81% বৃদ্ধি**




**পণ্যসমূহ তালিকাভুক্তিতে 11% বৃদ্ধি**




**প্রস্তাবিত ক্যাটিগরিতে 131% বৃদ্ধি**

দ্রষ্টব্য ঃ 16 ডিসেম্বর 2019 এবং 16 ডিসেম্বর 2020 তারিখে জি ই এম (GeM) পোর্টালের স্টেটাস

# ইনোভেট ইন ইন্ডিয়া




2019-20 সালে, পেটেন্ট অনুমোদন 2018-19 সালের তুলনায় **63% বৃদ্ধি** পেয়েছে

**ছোট ব্যবসায়ী/এম এস এম ই (MSME)**-দের জন্য পেটেন্ট আবেদনের প্রসেসিং ফি কমানো হয়েছে

পেটেন্ট আবেদন যাচাইয়ের সময়কাল মে, 2019-এ **36-52 মাসের** তুলনায় কমিয়ে ডিসেম্বর, 2020-তে 10-26 মাস করা হয়েছে

গ্লোবাল ইনোভেশন ইনডেক্স-এ, ভারতের স্থান 2015 সালে 81 তম থেকে উন্নীত হয়ে 2020 তে **48 তম** হয়েছে।

জি আই (GI) রেজিস্ট্রিতে **26 টি নতুন ভারতীয় জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন** (GI) নথিভুক্ত হয়েছে (1 মে 2019 থেকে 24 ডিসেম্বর 2020)



# স্টার্টআপ ইন্ডিয়ার জন্য অতিরিক্ত গুরুত্ব

**37,000-এর বেশি স্টার্টআপ** স্বীকৃত। মে 2019 থেকে 50%-এর বেশি স্বীকৃত।

মজবুত স্টার্টআপ ইকোসিস্টেম গড়ে তুলতে ন্যাশনাল স্টার্টআপ অ্যাডভাইসরি কাউন্সিল গঠন।

**সর্বপ্রথম ন্যাশনাল স্টার্টআপ অ্যাওয়ার্ড – 35টি ক্যাটিগরিতে 1,641 টি স্টার্টআপ অংশগ্রহণ করে**

4,905 টি পেটেন্ট ফাইলিং ফি-তে 80% ছাড় এবং 12,264 টি ট্রেডমার্ক আবেদনের ফাইলিং ফি-তে 50% ছাড় মঞ্জুর করা হয়েছে




দেশব্যাপী স্টার্টআপ ইকোসিস্টেমের উন্নতিবিধানে রাজ্যগুলির স্টার্টআপ ইকোসিস্টেম তৈরীতে সহায়তার নিরীখে দ্বিতীয়বার র‍্যাঙ্ক নির্ধারণ করা হয়েছে

**স্টার্টআপ আরও বৃদ্ধি করতে 39 টি নিয়ন্ত্রণমূলক সংস্কার শুরু করা হয়েছে**

আয়কর আইনের 54 GB ধারার অধীনে ক্যাপিটাল গেইন ট্যাক্স ছাড়ের ব্যবস্থা

আয়কর আইনের ধারা 80IAC-এর অধীনে 3 বছরের জন্য ইনকাম ট্যাক্স হলিডে এবং ধারা 79-এর অধীনে বিবেচ্য ক্ষতির ক্যারি ফরোয়ার্ড করা হবে

যোগ্য স্টার্টআপের জন্য টার্নওভার সংক্রান্ত মানদন্ড ₹ 100 কোটিতে উন্নীত করা হয়েছে

**আগস্ট 2020 পর্যন্ত, 296 টি স্টার্টআপকে আয়কর আইনের অধীনে ছাড় অনুমোদন করা হয়েছে।**

# ই-গভর্ন্যান্সের সাহায্যে সহজ বাণিজ্য



সমস্ত এক্সপোর্ট প্রোমোশন স্কিম অর্থাৎ অ্যাডভান্স, ই পি সি জি (EPCG), এম ই আই এস (MEIS) অনলাইনে করা যাচ্ছে

স্টিল ইমপোর্ট মনিটরিং সিস্টেম (SIMS)-এর জন্য অনলাইনে আন্তঃমন্ত্রক আলোচনার ব্যবস্থা

ইলেক্ট্রনিক প্ল্যাটফর্ম (eCOO)-এর মাধ্যমে পণ্যের উৎসসমূহের ডিজিটাল সার্টিফিকেট ইস্যু। 2 লাখের বেশি COO ইস্যু করা হয়েছে

অ্যালুমিনিয়াম, কপার, ফুটওয়্যার, আসবাবপত্র, কাগজ, খেলাধূলার সরঞ্জাম, জিমের যন্ত্রপাতি ইত্যাদির জন্য ইমপোর্ট মনিটরিং সিস্টেম (IMS) চালু করা হয়েছে



# ডিজাইন ইন ইন্ডিয়ার জন্য দক্ষতা বৃদ্ধি

ন্যাশনাল ইনস্টিটিউট অফ ডিজাইন (অ্যামেন্ডমেন্ট) বিল, 2019, সংসদে পাশ হয়েছে

অন্ধ্রপ্রদেশ, অসম, হরিয়ানা এবং মধ্যপ্রদেশে 4 টি নতুন ন্যাশনাল ইনস্টিটিউট অফ ডিজাইন (NIDs) গড়ে তোলা হবে, যেগুলি ‘জাতীয় গুরুত্বসম্পন্ন প্রতিষ্ঠান’ হিসেবে মর্যাদাভুক্ত

ডিজাইন-সম্পর্কিত কাজের ক্ষেত্রে যথাযথ শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে উৎকর্ষতা বৃদ্ধি

